

নং- ৪৬.০৪৫.০২৭.০৮.১২২.১২২.২০১৭-৩০১

তারিখ : ০৯ চৈত্র ১৪২৩  
২৩ মার্চ, ২০১৭


### প্রজ্ঞাপন

যেহেতু, জনাব মোঃ রফিকুল ইসলাম সরকার, ভাইস চেয়ারম্যান, মুরাদনগর উপজেলা পরিষদকে এস টি ৬৫৩/১৬, কোতয়ালী থানার সি আর ১০৬১/১৩ মামলায় দোষী সাব্যস্ত করে দণ্ড প্রদান করা হয়েছে;

যেহেতু, তাঁর এহেন কর্মকান্ড উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ১৩(১)(খ) ধারার অপরাধের শামিল। সেহেতু, সরকার জনস্বার্থে তাকে তাঁর স্থায় পদ হতে অপসারণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে;

এমতাবস্থায়, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ধারা ১৩(২) অনুসারে মুরাদনগর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান জনাব মোঃ রফিকুল ইসলাম সরকারকে মুরাদনগর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান পদ হতে অপসারণ করা হলো।

এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

  
(লুৎফুন নাহার)

সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৯৫৭৭২৩


e-mail:lgd.upazila2@gmail.com

নং- ৪৬.০৪৫.০২৭.০৮.১২২.১২২.২০১৭-৩০১/১(১৫)

তারিখ : ০৯ চৈত্র ১৪২৩  
২৩ মার্চ, ২০১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব..... মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।
৩. সচিব,..... মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।
৪. সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
৫. কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৬. জেলা প্রশাসক, কুমিল্লা।
৭. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
৮. উপপরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশ করে গেজেটের ৩০ (ত্রিশ) কপি স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো)
৯. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
১০. চেয়ারম্যান, মুরাদনগর উপজেলা পরিষদ, কুমিল্লা।
১১. উপজেলা নির্বাহী অফিসার, মুরাদনগর, কুমিল্লা।
১২. ভাইস চেয়ারম্যান (মহিলা), মুরাদনগর উপজেলা পরিষদ, কুমিল্লা।
১৩. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, কুমিল্লা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, মুরাদনগর, কুমিল্লা।
১৪. জনাব মোঃ রফিকুল ইসলাম সরকার, ভাইস চেয়ারম্যান (অপসারণকৃত), মুরাদনগর উপজেলা পরিষদ, কুমিল্লা।
১৫. কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (প্রজ্ঞাপনটি ওয়েব সাইটে প্রকাশ করার অনুরোধসহ)।

  
(লুৎফুন নাহার)  
সিনিয়র সহকারী সচিব